

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mopme.gov.bd

নং ৩৮.০০.০০০০.০০১.৩৪.০৯১.১৯-৯৫

তারিখঃ ২৬ মাঘ ১৪২৬
০৯ ফেব্রুয়ারি ২০২০

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সিঙ্গিএ ভবন, (৩য় ফেইজ), ৫ম তলা
সেগুনবাগিচা, ঢাকা।


বিষয়ঃ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বিরাজমান বেতন বৈষম্য দূরীকরণের লক্ষ্যে বেতন স্কেল (গ্রেড) উন্নীতকরণ।

নির্দেশিত হয়ে অর্থ বিভাগের ০৭ নভেম্বর ২০১৯ তারিখের ০৭.০০.০০০০.১৬১.৩৮.০০.০০১.১৭-৩০৮ সংখ্যক পত্রের সম্মতিক্রমে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বেতন বৈষম্য দূরীকরণের লক্ষ্যে সহকারী শিক্ষক পদের বেতনস্কেল নিম্নোক্তভাবে শর্তসাপেক্ষে উন্নীতকরণ করা হলোঃ

ক্রঃনং	পদের নাম	বিদ্যমান বেতনগ্রেড (জাঃবেঃস্কেঃ ২০১৫)	অর্থ বিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতন স্কেল ২০১৫ (জাঃবেঃস্কেঃ ২০১৫)	নিয়োগের শর্ত/ভিত্তি
১	২	৩	৪	৫
		টাঃ ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) (প্রশিক্ষণ প্রাপ্ত)	টাঃ ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩)	সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা ২০১৯ এর তফসিল {বিধি ২(গ)} অনুযায়ী পদ পূরণযোগ্য।
		টাঃ ৯৭০০-২৩৪৯০ (গ্রেড-১৫) (প্রশিক্ষণ বিহীন)		

শর্তাবলীঃ

- (ক) উপরের ছকের ৪নং কলামে নির্ধারণকৃত বেতনগ্রেড ৫ নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতা অনুযায়ী কার্যকর হবে;
- (খ) এ বিষয়ে বিদ্যমান সকল বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ০২। এতদসংক্রান্ত ব্যয় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের “১২৪০২০৯-৩১১১২০১- বেতন ভাতাদি” খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।
- ০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং জারির তারিখ হতে এ আদেশ কার্যকর হবে।


০২/০২/২০২০
(মনোয়ারা ইশরাত)
উপসচিব
ফোনঃ ৯৫৭১৮০১